যুগান্তর

তারিখ: 24 FEB 2016
পৃষ্ঠা: 2 কলাম: 2

বিশ্ববিদ্যালয় শিক্ষকদের সংবাদ সম্মেলন

# ৬ মার্চের মধ্যে দাবি পূরণ না হলে কঠোর কর্মসূচি

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার**

অষ্টম বেতন কাঠামো নিয়ে সৃষ্ট সমস্যার সমাধান আগামী ৬ মার্চের মধ্যে না হলে কঠোর কর্মসূচি দেয়া হবে বলে হুশিয়ারি দিয়েছে বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশন। মঙ্গলবার বেলা ১২টায় ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লাবে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ হুশিয়ারি দেন দেশের ৩৭টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষক নেতারা। এ নিয়ে তৃতীয় দফায় সরকারকে আলটিমেটাম দিলেন তারা।

সংবাদ সম্মেলনে ফেডারেশনের মহাসচিব অধ্যাপক ড. এএসএম মাকসুদ কামাল বলেন, আগামী ৬ মার্চ বেলা সাড়ে ১২টায় শিক্ষকদের দাবি সমাধানের জন্য বেতন-বৈষম্য দূরীকরণ-সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভা আহ্বান করা হয়েছে। ওই সভায় দাবি পূরণ না হলে শিক্ষক সমিতি ফেডারেশন কঠোর কর্মসূচি দেয়ার সিদ্ধান্ত নিয়েছে বলে তিনি জানান। এ লক্ষ্যে ৮ মার্চ ফেডারেশনের সাধারণ সভা আহ্বান করা হয়েছে বলেও জানান তিনি। ড. মাকসুদ কামাল বলেন, বিশ্ববিদ্যালয় শিক্ষকদের ন্যায্য দাবিগুলো পূরণের ক্ষেত্রে আমরা একটি দীর্ঘসূত্রতা লক্ষ্য করছি যা কোনোভাবে কারও কাম্য নয়।

শিক্ষকদের মানের প্রসঙ্গ টেনে এই শিক্ষক নেতা বলেন, শিক্ষকতার মান আরও উন্নত করার জন্য আমরা বিভিন্ন পর্যায়ে পদায়নের ক্ষেত্রে গবেষণা প্রবন্ধের সংখ্যা বৃদ্ধির মতো যৌক্তিক বিষয়ও মেনে নিতে প্রস্তুত। প্রয়োজনে সব বিশ্ববিদ্যালয়ে পদায়নের ক্ষেত্রে সমন্বিত ও একক নীতিমালা গ্রহণ করতেও ফেডারেশনের আপত্তি নেই। আমরা বিশ্বাস করি, প্রধানমন্ত্রীর হস্তক্ষেপের পর দাবি আদায়ে আর কোনো কর্মসূচি গ্রহণ করতে হবে না। তার (প্রধানমন্ত্রী) ওপর আমাদের পূর্ণ আস্থা রয়েছে।

ফেডারেশনের সভাপতি অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ বলেন, আমরা চাই না শিক্ষকরা ক্লাস বর্জন করবেন। আর ক্ষতিগ্রস্ত হবে শিক্ষার্থীরা। আমরা বারবার সরকারকে সমস্যা নিরসনে সময় দিয়েছি। এখনও দিচ্ছি। আশা করি, একটি সম্মানজনক সমাধান হবে।